পড় তোমার প্রভুর নামে,
যিনি তোমাকে সৃষ্টি করেছেন।
[সুরা আল-'আলাক: ১]

# তাকওয়া মডেল মাদ্রাসা

مدرسة التقوى النموذجية

# TAQWA MODEL MADRASAH

(ইসলামি ও আধুনিক শিক্ষার সমন্বয়ে একটি ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান)

**প্লে-নবম শ্রেণি**

মাদ্রাসা শিক্ষা বোর্ডের সিলেবাসের সাথে মাদানী নেসাবের সমন্বয়ে পাঠদান

# প্রসপেক্টাস

নিবিড় তত্ত্বাবধানে ডে-কেয়ার ও আবাসিক সু-ব্যবস্থা।

**সকল কার্যক্রম সার্বক্ষণিক সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত।**

**চকবাজারঃ** ১৫৪/এ কলেজ রোড, চকবাজার, চট্টগ্রাম।
মোবাইলঃ ০১৬৪০-৭০০২৪৬, ০১৮৬২-২২৮১৯৫

**মেহেদীবাগ শাখা ঃ** ন্যাশনাল হসপিটাল এর বিপরীতে, ৭৫৪/৮২৭ মেহেদীবাগ, চট্টগ্রাম। ফোন: ০১৮৩০-৫১৮৮৬২, ০১৮৩০-৫১৮৮৮৬

**চন্দনপুরা শাখা ঃ** মরিয়াম হাইটস্ ১২১, মনু মিয়াজি লেইন, চন্দরপুরা, বাকলিয়া এক্সেস রোড, চট্টগ্রাম। মোবাইল ঃ ০১৯৮৩-০৩১২৬৯, ০১৮৩০-৫১৮৮৬১

## লক্ষ্য ও উদ্দেশ্য ঃ

- শিক্ষার্থীকে কুরআন-সুন্নাহর বাস্তব অনুসারী রূপে গড়ে তোলা।
- শিক্ষার্থীর মেধা ও সুপ্ত প্রতিভার বিকাশ সাধন করা।
- দেশপ্রেমিক ও কর্মনিষ্ঠ নাগরিক তৈরী করা।

## যে জন্য আমরা ব্যতিক্রম ঃ

- মাদ্রাসা শিক্ষা বোর্ড সিলেবাসের সাথে মাদানী নিসাবের সমন্বয়ে পাঠ দান ।
- ইংলিশ ও এরাবিক স্পোকেন এবং জেনারেল নলেজ, কম্পিউটার ও ড্রইং এ বিশেষ গুরত্ব প্রদান।
- নূরানী পদ্ধতিতে কুরআন তা'লীম বাধ্যতামূলক।
- হাতের লিখা সুন্দর করার জন্য নিয়মিত অতিরিক্ত ক্লাস।
- ইসলামী সংগীত, আবৃত্তি ও অভিনয় সহ বিভিন্ন সাংস্কৃতিক প্রশিক্ষণের ব্যবস্থা।
- সাপ্তাহিক ও মাসিক টেষ্টের ব্যবস্থা।
- কম্পিউটার প্রশিক্ষণ বাধ্যতামূলক।
- নির্বাচিত সূরা ও হাদীস মুখস্থ করণের ব্যবস্থা।
- নাহু, ছরফ ও ইংরেজি বিষয়ে পাঠদানে বিশেষ তত্বাবধান।

## মৌলিক নিয়মাবালী ঃ

- প্রতিষ্ঠানের ভেতরে ও বাইরে সুনামের পরিপন্থি সব ধরণের কাজ থেকে বিরত থাকা।
- ১০০% ক্লাস করতে সচেষ্ট থাকা এবং উপস্থিতি ৯০% এর নিচে নেমে না আসা।
- অবশ্যই মাদ্রাসার পূর্ণাঙ্গ ড্রেস পরিধান করে প্রতিষ্ঠানে আসা।
- দৈনন্দিন পড়া শিখে না আসলে "ডিটেনশন ক্লাস" করতে বাধ্য থাকা।
- সকল পরীক্ষায় প্রস্তুতিসহ অংশগ্রহণ করা এবং কৃতকার্য হতে সর্বাত্মক প্রচেষ্টা চালানো।
- সহপাঠীদেরকে প্রতিষ্ঠানের নিয়ম-কানুন মেনে চলতে উদ্বুদ্ধ করা এবং নিয়ম-শৃংখলাবিরোধী যে কোন কাজ থেকে নিবৃত করতে প্রশাসনকে সহযোগিতা করা।
- সহপাঠীর সাথে মারামারি, অশালীন কথা না বলা ও তাদের জিনিস না নেয়া।
- ক্লাসরুম, করিডোর ও সিঁড়িতে জটলা, হৈ চৈ ও উশৃংখল আচরণ থেকে বিরত থাকা।
- কোনক্রমে প্রতিষ্ঠানে মোবাইল, গহনা, ছবির কাটিং, সিঁডি, গল্পের বই, ভিউ কার্ড, ষ্টিকার, স্টিলের স্কেল, খেলনা ও চাকু ইত্যাদি না আনা।
- অভিভাবক/ আইনানুগ স্থানীয় অভিভাবক ছাড়া অন্য কাউকে অভিভাবক হিসেবে হাজির না করা এবং কখনো শিক্ষকদের কাছে অসত্য তথ্য প্রদান না করা।

যে কোন ধরনের অসদুপায় অবলম্বন, পরীক্ষায় বারবার অকৃতকার্যতা, কারও স্বাক্ষর জালিয়াতি, প্রাপ্ত নম্বর পরিবর্তন, অভিভাবক বা অন্য কাউকে অসত্য/বিভ্রান্তিকর তথ্য দিয়ে গন্ডগোল পাকানো, অর্থনৈতিক কার্যকলাপ (ইন্টারনেট, মোবাইল চিঠি আদান-প্রদান কিংবা সরাসরি যোগাযোগের মাধ্যমে অনৈতিক সম্পর্ক স্থাপন), অশোভন আচরণ, অবাঞ্চিত কর্মকাণ্ড এবং নিয়ম-শৃঙ্খলাবিরোধী অপরাধের সাথে সম্পৃক্ত না থাকা।

উল্লেখিত কোন বিষয়ে শিক্ষার্থীর সংশ্লিষ্টতা পাওয়া গেলে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক সিদ্ধান্তগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে অভিভাবকের পক্ষ থেকে কোন প্রকার আপত্তি গ্রহণ করা হবে না।

## ভর্তির পদ্ধতি

- অফিস থেকে নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তি ফরম ও নির্দেশিকা সংগ্রহ করতে হবে।
- সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি জমা দিতে হবে।
- বয়স প্রমাণের জন্য "জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট" এর কপি জমা দিতে হবে।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের "প্রত্যয়নপত্র/টিসি" এর মূলকপি জমা দিতে হবে।
- ষষ্ঠ শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তি ইচ্ছুকদের যথাক্রমে বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণের সনদপত্র/নম্বরফর্দ/প্রমাণপত্র এর কপি জমা দিতে হবে।
- প্রকৃত অভিভাবক ও দুইজন অভিভাবক প্রতিনিধি যারা শিক্ষার্থীর সাথে সাক্ষাত করবেন এবং শিক্ষার্থীকে বাসায় আনা-নেয়া করবেন তাদের তথ্য ভর্তি ফরমে লিখিত হবে এবং ১কপি করে পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি জমা দিতে হবে।
- প্রকৃত অভিভাবকের "জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট" এর কপি জমা দিতে হবে।
- ভর্তি ফরমে সকল তথ্য নির্ভুল ও যথাযথভাবে লিখতে হবে এবং কোন তথ্য ভুল বা গোপন করা যাবে না।
- প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ফী জমা দেয়ার মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ২০০/- (দুইশত) টাকা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

## ভর্তির প্রক্রিয়া

- প্লে থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা হবে (ক্রমান্বয়ে আলীম পর্যন্ত ভর্তি হওয়া যাবে)।
- আবাসিক, ডে-কেয়ার ও অনাবাসিক এই তিন ক্যাটাগরিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।
- বিশেষ বিবেচনায় বছরের যে কোন সময় কিংবা সমাপনী পরীক্ষার কমপক্ষে দু'মাস পূর্বেও ভর্তি হওয়া যাবে। এক্ষেত্রে শিক্ষার্থীকে একটি স্পেশাল অ্যাডমিশন টেস্ট-এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে।
- শিক্ষার্থীর ভর্তি পরীক্ষার ফলাফল, বয়স, উচ্চতা ও ওজন অনুযায়ী প্রযোজ্য শ্রেণিতে ভর্তির জন্য অনুমোদন দেয়া হবে।

## ভর্তি পরীক্ষা পদ্ধতি

১. প্রতি বছর সম্মিলিত ও একক ভর্তি পরীক্ষার মাধ্যমে প্রথম থেকে সপ্তম পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা হবে।

**ভর্তি পরীক্ষার নিয়মাবলি নিম্নরূপঃ** পরীক্ষার ধরণ: ক. লিখিত পরীক্ষা খ. মৌখিক পরীক্ষা



## যে সকল বিষয়ে পাঠদান করা হয়

- প্লে ও নার্সারী নূরানী (দোয়া, কালিমা, ছোট সূরা, কায়দা), বাংলা, ইংরেজী, আরবী, গণিত, ড্রয়িং, সুন্দর হাতের লিখা ও গজল, আরবী ও ইংরেজী স্পোকেন।
- ১ম থেকে ২য় শ্রেণি- নূরানী (দোয়া, কালিমা, ছোট সূরা মুখস্থ করন, কায়দা/আমপারা), বাংলা, ইংরেজী, আরবী, গণিত, ড্রয়িং, কুরআন মাজিদ, আকাইদ, সুন্দর হাতের লিখা ও গজল, আরবী ও ইংরেজী স্পোকেন।
- ৩য় থেকে ৯ম শ্রেণি- মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল বই এর পাশাপাশি নাহু-চরফ ছফওয়াতুল মাচ্ছাদির (বাংলা, ইংরেজী, আরবী) সহ, বাংলা, আরবী, ইংরেজীতে বক্তব্য ও স্পোকেন।

## বিষয়সমূহের মানবণ্টন

<table>
<tr><td>ধরন</td><td colspan="6">বিষয়ের নাম ও মান</td><td rowspan="2">মোট নাম্বার</td></tr>
<tr><td rowspan="2">লিখিত</td><td>কুরআন ও হাদিস</td><td>আরবি</td><td>ইংরেজি</td><td>গণিত</td><td>বাংলা</td><td>সাধারণ জ্ঞান</td></tr>
<tr><td>১৫</td><td>১৫</td><td>১৫</td><td>১৫</td><td>১৫</td><td>১৫</td><td>৯০</td></tr>
<tr><td rowspan="2">মৌখিক</td><td colspan="2">কুরআন ও হাদিস</td><td>আরবি</td><td>ইংরেজি</td><td>গণিত</td><td>বাংলা</td><td>মোট নাম্বার</td></tr>
<tr><td colspan="2">০২</td><td>০২</td><td>০২</td><td>০২</td><td>০২</td><td>১০</td></tr>
</table>

২. ভর্তি পরীক্ষার সময়: পরীক্ষার জন্য ২.০০ ঘন্টা সময় নির্ধারিত থাকবে।
৩. প্রতিষ্ঠান কর্তৃক গঠিত ভর্তি কমিটি ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে।
৪. ভর্তির যোগ্যতা: ভর্তি পরীক্ষায় কোন শিক্ষার্থী কমপক্ষে ৪০% নম্বর প্রাপ্ত হলে উত্তীর্ণ বলে বিবেচিত হবে।

## ভর্তি কালিন ফি

| খাত সমূহ | প্লে | নার্সারী | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম | ষষ্ঠ | সপ্তম | অষ্টম | নবম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ভর্তি ফি | ২৭০০ | ২৮০০ | ২৯০০ | ৩১০০ | ৩২০০ | ৩২০০ | ৩৪০০ | ৩৪০০ | ৩৫০০ | ৩৫০০ | ৩৫০০ |
| সংস্থাপন ফি (সাংস্কৃতিক অনুষ্ঠান, পরিচয় পত্র, খেলাধুলা, রেজাল্ট কার্ড, আইডি কার্ড) | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ | ২০০০ |
| ইস্টাবলিস্টমেন্ট ফি | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ভর্তি কালিন প্রদেয় মোট ফি | ৫২০০ | ৫৩০০ | ৫৪০০ | ৫৬০০ | ৫৭০০ | ৫৭০০ | ৫৯০০ | ৫৯০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ |

## মাসিক ফি (অনাবাসিক)

| খাত সমূহ | প্লে | নার্সারী | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম | ষষ্ঠ | সপ্তম | অষ্টম | নবম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| টিউশন ফি | ১৮০০ | ১৮০০ | ১৮০০ | ১৮০০ | ১৮০০ | ১৮০০ | ২৫০০ | ২৫০০ | ২৫০০ | ২৫০০ | ২৫০০ |
| নূরাণী তা'লামী | ৭০০ | ৭০০ | ৭০০ | ৭০০ | ৭০০ | ৭০০ | | | | | |
| বিবিধ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ২০০ | ২০০ | ২০০ | ২০০ | ২০০ |
| সর্বমোট মাসিক ফি | ২৬০০ | ২৬০০ | ২৬০০ | ২৬০০ | ২৬০০ | ২৬০০ | ২৭০০ | ২৭০০ | ২৭০০ | ২৭০০ | ২৭০০ |

**১-১০ তারিখের মধ্যে চলতি মাসের ফি পরিশোধ করতে হবে।**
**নির্ধারিত সময়ের পর ৩০/- টাকা জরিমানা সহ পরিশোধ করতে হবে।**

## মাসিক ফি (আবাসিক/ ডে-কেয়ার)

| খাত সমূহ | আবাসিক | ডে-কেয়ার |
|---|---|---|
| সিট ভাড়া | ২৫০০ | ১৫০০ |
| টিফিন | ৯০০ (৩ বেলা) | ৬০০ (২ বেলা) |
| খাবার | ৩০০০ (৩বেলা) | ৯০০ (১ বেলা) |
| কোচিং (সকল বিষয় | ২০০০ | ২০০০ |
| বিবিধ | ১০০ | ১০০ |
| সর্বমোট মাসিক ফি | ৮৫০০+ অনাবাসিক ফি | ৫১০০+ অনাবাসিক ফি |

আবাসিক ভর্তি ফি বাবদ ১০০০০/= (অফেরত যোগ্য) টাকা পরিশোধ করতে হবে।
সকল শ্রেণির ছাত্র/ছাত্রীর ক্ষেত্রে অনাবাসিক ফি যুক্ত হবে।
কোন শিক্ষার্থী অতিরিক্ত সুবিধা গ্রহণ করলে ফি পরিশোধের মাধ্যমে করতে পারবে।
বোর্ড রেজিষ্ট্রেশন ফি অভিভাবক প্রদান করবেন।
টিসি/প্রশংসাপত্র ফি বাবদ ৫০০/= টাকা দিতে হবে।
শিক্ষা সফরের জন্য নির্ধারিত ফি পরিশোধ করতে হবে।
পরীক্ষা ফি (দুই সেমিষ্টার) ১৬০০/= টাকা
* ড্রেস: ড্রেসের টাকা অভিভাবক প্রদান করবেন ।
* বইয়ের টাকা শ্রেণি অনুযায়ী (বোর্ড বই ফ্রী)।
* বোর্ড পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীর মডেল টেষ্ট ফি পরিশোধ করতে হবে। (আবাসিক শিক্ষার্থীদের জন্য)

## দৈনন্দিন খাদ্য তালিকা (তালিকাটি শিক্ষার্থীদের অবস্থার আলোকে পরিবর্তনযোগ্য)

| বার | বাদ ফজর | সকালের নাস্তা | টিফিন (সকাল) | দুপুরের খাবার | টিফিন (বিকাল) | রাতের খাবার | ঘুমের পূর্বে |
|---|---|---|---|---|---|---|---|
| শনিবার | ড্রাইকেক | পরোটা, ডাল হালুয়া | সিংগারা সমুচা | মুরগী, সবজি ডাল | সুজি হালুয়া/ ঝালমুড়ি | ডিম ভাজি সবজি, ডাল | হরলিক্স |
| রবিবার | কেক | ভাত, চনার ডাল /আলুভর্তা | বিস্কুট | গরু, ডাল | চনা-মুড়ি | মাছ ভাজি, ডাল | ফল |
| সোমবার | বিস্কুট | তেহারী | পেয়াজু/ জিলাপী | মুরগী ভাজি, ডাল | চটপটি | মুরগী ভাজি, ডাল | হরলিক্স |
| মঙ্গলবার | কেক | পরোটা ডাল/হালুয়া | কেক | মাছ সবজি, ডাল | নুডলস্ | মুরগী সবজি, ডাল | ফল |
| বুধবার | টিফিন বিস্কুট | তেহারী | ডাল-পুরি | মুরগী ভাজি, ডাল | সেমাই/ চটপটি | মাছ ডাল, সবজি | হরলিক্স |
| বৃহস্পতিবার | ড্রাই কেক | ভাত, ডাল, সবজি খিচুড়ি/আলুভর্তা | বিস্কুট | মাছ সবজি, ডাল | চনা-মুড়ি | ডিম, ডাল সবজি | ফল |
| জুমা'বার | কেক/বিস্কুট | তেহারী | কেক | মুরগী, ডাল সবজি | কেক | মাছ ভাজি, ডাল | দুধ |



## আবাসিক শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠান যা সরবরাহ করবে ঃ

খাট, ওয়ারড্রব, খাবারের প্লেট, বালতি, মগ, ফ্যান ও লাইট ইত্যাদি।

## আবাসিক শিক্ষার্থীর জন্য অভিভাবক যা সরবরাহ করবে ঃ

টিস্যু, মশারি, বালিশ, তোষক, বিছানার চাদর, গোসলের সাবান, টুথ ব্রাশ, টুথ পেস্ট, জুতা প্রয়োজনীয় পোষাক সহ শিক্ষার্থীদের দৈনন্দিন ব্যবহার্য জিনিস পত্র।

## আবাসিক শিক্ষার্থীদের করণীয়

- দৈনিক একাডেমিক শিডিউলে লিখিত সকল কার্যাবলী উল্লেখিত সময়সূচি অনুযায়ী সম্পাদন করতে হবে।
- হোষ্টেলের শিক্ষার্থীদের জন্য ঘোষিত সকল বিধিবিধান যথাযভাবে মেনে চলতে হবে।
- ক্লাস, কোচিং ও কুরআন ক্লাস, কিরআত ও সংগীত ক্লাস, খেলাধুলা, সাংস্কৃতিক ও বিনোদন মূলক কার্যক্রমে নিয়মিত উপস্থিত থাকতে হবে।
- পাঁচ ওয়াক্ত নামায নির্ধারিত সময়ে আদায় করতে হবে।
- সবাইকে নির্ধারিত সময়ে এক সাথে ডাইনিং টেবিলে বসে খাবার ও নাস্তা গ্রহণ করতে হবে।
- যে-কোন ধরনের খাবার বা নাস্তা নষ্ট কিংবা অপচয় রোধ করতে হবে।
- আইডি কার্ডসহ নির্ধারিত পরিষ্কার-পরিচ্ছন্ন পোশাক পরিধান করতে হবে।
- নিজ নিজ পরিধেয় ও ব্যবহার্য কাপড়-চোপড়, বিছানা, জিনিসপত্র, পড়ালেখার উপকরণসমূহ সকালবেলা ক্লাসে যাবার আগে ও সন্ধ্যায় কোচিং ক্লাসে যাবার পূর্বে গুছিয়ে পরিষ্কার পরিচ্ছন্ন রেখে যেতে হবে।
- আসর থেকে মাগরিবের মধ্যে প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী অফিস থেকে সংগ্রহ করতে হবে। সকালে নাস্তার পর এবং রাতে খাবারের পর দাঁত ব্রাশ করতে হবে।
- রাতে ঘুমানোর আগে অবশ্যই মশারি ব্যবহার করতে হবে।
- সপ্তাহে একবার নখ কাটতে হবে।
- বিদ্যুৎ, পানি ও গ্যাস ব্যবহারে অপচয় রোধ করতে হবে।
- অসুস্থ বোধ করলে এবং যে কোন ধরনের সমস্যা দেখা দিলে সরাসরি ব্লক টিচার অথবা হোস্টল সুপারকে জানাতে হবে।
- হোস্টেল ত্যাগকালে ও প্রবেশকালে ছুটির বইতে তথ্যাবলি উল্লেখপূর্বক লিখিত অনুমতি নিতে হবে।
- বিশেষ প্রয়োজনে শিক্ষার্থীকে বাসায় নেয়ার প্রয়োজন হলে প্রতিষ্ঠানে উপস্থিতির আগে ফোনে দায়িত্বশীলকে অবগত করবেন।
- প্রতিষ্ঠান ঘোষিত ছুটি শেষে অভিভাবক শিক্ষার্থীকে খোলার তারিখে ৫টায় আগমন নিশ্চিত করবেন।

- নিজের কাছে কোন টাকা রাখা যাবে না। [প্রয়োজনে অভিভাবক অফিসে টাকা জমা রাখবেন]
- অফিসরুমে প্রবেশের সময় সালাম দিয়ে অনুমতি নিতে হবে।
- কোন কারণে অনুপস্থিত থাকলে লিখিত ভাবে আবেদন করতে হবে।

## আবাসিক শিক্ষার্থীদের বর্জনীয়

- প্রতিষ্ঠানের বিধি-বিধান, শৃঙ্খলাবিরোধী, স্বার্থবিরোধী ও নৈতিকতা পরিপন্থি কোন ধরণের কাজ করা যাবে না।
- প্রত্যেকের জন্য বরাদ্দকৃত হোস্টেল সরঞ্জাম এর অতিরিক্ত কোন কিছু বিনা অনুমতিতে ব্যবহার করা যাবে না।
- প্রতিষ্ঠানের কোন আসবাবপত্র বা সম্পদ নষ্ট করা যাবে না (নষ্ট করলে ক্ষতিপুরণ/ জরিমানা দিতে হবে)।
- কোন ধরনের অশালিন, বেমানান ও দৃষ্টিকটু পোশাক পরিধান করা যাবে না।
- কোন ধরণের অশ্লীল পত্রিকা, ম্যাগাজিন বই রাখা কিংবা পড়া যাবে না।
- কোন মূল্যবান জিনিপত্র, সরঞ্জামাদি ও ইলেক্ট্রোনিক আইটেম অনুমতি ছাড়া রাখা কিংবা ব্যবহার করা যাবে না।
- মোবাইল সেট, এমপি থ্রি, এমপি-ফোর সহ যে কোন ধরণের বিনোদন সরঞ্জাম রাখা কিংবা ব্যবহার করা যাবে না। (কারো কাছে এসব সামগ্রীর কোনটি পাওয়া গেলে কঠোর শাস্তি ও আর্থিক দন্ড দেয়া হবে)।
- নিজের ব্যবহার্য জিনিসপত্র ছাড়া অন্য কারো জিনিসপত্র ব্যবহার করতে পারবে না।
- অনুমতি ব্যতীত ক্লাস, কোচিং ও কুরআন ক্লাস, কিরায়াত ও সংগীত প্রশিক্ষণ ক্লাস, নামাজ, খেলাধুলা, সাংস্কৃতিক ও বিনোদন কার্যক্রম চলাকালে হোস্টেলে যাওয়া যাবে না এবং হোস্টেলে অবস্থান করা যাবে না।
- অনুমতি ব্যতীত নিজ নিজ আবাসিক রুম ছাড়া কোথাও যেতে পারবে না এবং কাউকে নিজ রুমে নিতে পারবে না।
- পড়ালেখা, বিনোদন, ইবাদত, বিশ্রাম ও ঘুমের সময় কোন ধরণের ডিস্টার্ব করা যাবে না। কারো সাথে রাগারাগি, চেঁচামেচি, হৈ-চৈ, গালি-গালাজ, ঝগড়া বিবাদ ও মারামারি করা যাবে না।
- অনুমিত ব্যতীত বাইরের যে কোন ধরণের খাবার কেনা বা গ্রহণ করা যাবে না।
- হোস্টেলে ক্যারাম ও দাবা ছাড়া অন্য যে কোন ধরণের খেলাধুলা করা যাবে না।
- কোন শিক্ষার্থী নিজের কাছে কোন টাকা রাখতে পারবে না (নিষেধাজ্ঞাসত্ত্বেও রাখার পর হারানো বা চুরি হয়ে গেলে কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না। তবে একান্ত প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী কেনার জন্য কর্তৃপক্ষ অনুমতি সাপেক্ষে ব্লক টিচার এর কাছে টাকা জমা রাখতে পারবে)।



## আবাসিকদের জন্য প্রযোজ্য

- পাঠ্য বই ও ডায়েরী প্রতিষ্ঠান থেকে নির্ধারিত মূল্য পরিশোধ করার মাধ্যমে সংগ্রহ করতে হবে।
- আবাসিক শিক্ষার্থীদের সিট বিন্যাস কর্তৃপক্ষ নির্ধারিত করবেন। এক্ষেত্রে অভিভাবকদের এখতিয়ার থাকবে না।
- আবাসিক শিক্ষার্থীদের সিট পরিবর্তন এবং বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

## শিক্ষার্থীর অসুস্থতা ও দুর্ঘটনা

- শিক্ষার্থীর প্রতিভার যথাযথ বিকাশে এবং তাকে সুন্দরভাবে অভীষ্ট লক্ষ্যে নিয়ে যাবার জন্য তার পারিবারিক ও ব্যক্তিগত তথ্যাবলি যেমন- ব্যবহার, আচরণ, মেজাজ, রুচিবোধ অনুগত অভ্যাস সম্পর্কিত তথ্যাবলি কর্তৃপক্ষের জন্য বিশেষ প্রয়োজন। এক্ষেত্রে কোন বিষয় একান্ত পারিবারিক বা গোপনীয় হলেও শিক্ষার্থীর কল্যাণার্থে অভিভাবক সেগুলো কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- ভর্তি পরবর্তী সময়ে কোন শিক্ষার্থীর মারাত্মক রোগ ধরা পড়লে অথবা দুরারোগ্য রোগে আক্রান্ত হলে তার দায়-দায়িত্ব ও চিকিৎসার ব্যয়ভার অভিভাবক বহন করবেন।
- কোন শিক্ষার্থী ইচ্ছাকৃতভাবে কিংবা পারিবারিক কারণে কোন দুর্ঘটনা ঘটালে তার দায়-দায়িত্ব অভিভাবক বহন করবেন। প্রাকৃতিক দুর্যোগ, দৈব-দুর্বিপাক কিংবা অনিচ্ছাকৃতভাবে সংঘটিত কোন দুর্ঘটনা ঘটলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান বহন করবে না।

## আবাসিক শিক্ষার্থীদের অভিভাবক যোগাযোগ

- জুমাবার অভিভাবক এর সাথে সাক্ষাত করা যাবে। বিশেষ প্রয়োজনে অনুমতি সাপেক্ষে অন্যসময় সাক্ষাত করা যাবে। তবে ক্লাস, কোচিং, বিশ্রাম ও ঘুমের সময় সাক্ষাত করা থেকে বিরত থাকতে হবে।
- ভর্তি ফরমে উল্লেখিত অভিভাবক ছাড়া অন্য কারো সাথে সাক্ষাত কিংবা হোস্টেলের বাইরে বা বাসায় যাওয়া যাবে না।
- অফিসে বা নির্ধারিত কক্ষে সাক্ষাত করতে হবে। অনুমতি ব্যতীত অভিভাবককে রুমে কিংবা হোস্টেলে নেয়া যাবে না।
- অভিভাবকের সাথে ফোন বা মোবাইলে কথা বলার প্রয়োজন হলে আসর থেকে মাগরিবের মধ্যে বলতে হবে।

## পুনঃভর্তি/ভর্তি বাতিল/বহিষ্কার/টিসি প্রদান

- বিনা কারণে অথবা বিনা অনুমতিতে কোন শিক্ষার্থী ০১ (এক) মাস অনুপস্থিত থাকলে তাকে পুনরায় ভর্তি হতে হবে।
- কোন শিক্ষার্থী কিংবা তার অভিভাবক প্রতিষ্ঠানের স্বার্থ-বিরোধী ও আইন-শৃঙ্খলা পরিপন্থি কোন কাজে জড়িত হলে এবং বিধি-বিধান ভঙ্গ করলে সে শিক্ষার্থীকে বহিষ্কার করা হবে।
- কোন শিক্ষার্থী ধুমপান বা নেশা জাতীয় দ্রব্য গ্রহণ করলে, হোস্টেল থেকে পালিয়ে গেলে কিংবা নৈতিক চরিত্র অবনতি ঘটলে তাকে টিসি দিয়ে দেয়া হবে।
- কর্তৃপক্ষ, শিক্ষক, সিনিয়র শিক্ষার্থী ও স্টাফের সাথে কোন শিক্ষার্থী অসদাচরণ করলে তাকে অর্থদন্ডসহ বহিষ্কার করা হবে।
- ভর্তি পরবর্তী সময়ে কোন শিক্ষার্থীর ছোঁয়াচে মারাত্মক অথবা বিকৃত রোগ ধরা পড়লে তাকে টিসি দিয়ে দেয়া হবে।
- কোন শিক্ষার্থী নিয়মিত পড়া না পারলে, অপরিচ্ছন্ন থাকলে, ক্লাসে বই-খাতা নিয়ে না আসলে এবং পরীক্ষায় বারবার রেজাল্ট খারাপ করলে তাকে টিসি দিয়ে দেয়া হবে।
- কোন শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর চলে যেতে চাইলে চলতি মাসের যাবতীয় ফি পরিশোধ সাপেক্ষে টিসি গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে ভর্তি প্রক্রিয়া বাবদ প্রদেয় ফী ফেরত দেয়া হবে না। তবে কোন ফী অগ্রিম জমা থাকলে তা ফেরত পাবে।
- কোন শিক্ষার্থী সেশনের মধ্যবর্তী সময়ে চলে যেতে চাইলে পরবর্তী তিন মাসের যাবতীয় ফি পরিশোধ সাপেক্ষে টিসি গ্রহণ করতে পারবে।
- কোন শিক্ষার্থী সেশনের ০৯ (নয়) মাস অতিবাহিত হওয়ার পর চলে যেতে চাইলে সেশনের অবশিষ্ট তিন মাসের যাবতীয় ফি পরিশোধ সাপেক্ষে টিসি গ্রহণ করতে পারবে।

## ছুটি, অনুপস্থিতি ও জরিমানা

- ০৩ (তিন) দিনের বেশি অনুপস্থিত থাকলে অভিভাবকসহ উপস্থিত হতে হবে।
- অভিভাবকের স্বাক্ষর ব্যতীত কোন ধরণের ছুটি মঞ্জুর করা হবে না।
- জরুরী বা বিশেষ যে কোন ছুটির জন্য প্রিন্সিপালের নিকট থেকে অগ্রিম ছুটি নিতে হবে।
- কোন কারণে অনুপস্থিত থাকলে পরদিন প্রিন্সিপাল বরাবর ছুটি মঞ্জুরের জন্য দরখাস্ত জমা দিতে হবে।
- কোন শিক্ষার্থীর অনুপস্থিতি ছুটি হিসেবে মঞ্জুর না হলে প্রতিদিন ২০ টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।
- অসুস্থতা বা যে কোন সঙ্গত কারণে অনুপস্থিতি সম্পর্কে অভিভাবক অবশ্যই শ্রেণি শিক্ষকের সাথে যোগাযোগ রক্ষা করবেন।



## অভিভাবকবৃন্দের প্রতি আহ্বান

- অভিভাবকের জন্য প্রযোজ্য নিয়মসমূহ মেনে চলতে একান্তভাবে চেষ্টা করবেন।
- আবাসিক শিক্ষার্থীর অভিভাবক হোস্টেল সংক্রান্ত সকল বিধি-বিধান মেনে চলবেন।
- শিক্ষার্থীকে প্রতিষ্ঠানের সকল বিধি-বিধান মেনে চলতে দৃঢ় পদক্ষেপ গ্রহন করবেন।
- শিক্ষার্থীকে মান উন্নয়নসহ প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমে গঠনমূলক পরামর্শ নিয়ে প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা পালন করবেন।
- শিক্ষার্থীর ডায়রী নিয়মিত পর্যবেক্ষণ করে ব্যবস্থা গ্রহণ করবেন।
- ডায়েরী ও খাতা নিয়মিত পর্যবেক্ষণ করে ব্যবস্থা গ্রহণ করবেন।
- অভিভাবক সমাবেশ-এ উপস্থিত থেকে শিক্ষার্থীর সার্বিক মানোন্নয়নে প্রতিষ্ঠানের করণীয় সম্পর্কে পরামর্শ দিবেন ও অবহিত হবেন।
- প্রতিষ্ঠানের সাথে যাবতীয় লেনদেন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করবেন এবং হিসাব বিভাগ ও ক্যাশ মেমো ছাড়া কোন ধরনের লেনদেন করবেন না।
- কোন শিক্ষার্থী পারিবারিক কারণে, ইচ্ছাকৃতভাবে কিংবা প্রতিষ্ঠানের বাইরে কোন ধরণের দুর্ঘটনা ঘটালে তার দায়ভার অভিভাবক বহন করবেন।
- যে কোন পরামর্শ, অভিযোগ, ইনফরমেশন এবং সমালোচনা সরাসরি কিংবা টেলিফোন ও মোবাইলের মাধ্যমে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করবেন।

## অনাবাসিক নিয়মাবলী

- অভিভাবকগণ যথাসময়ে মাদ্রাসার শিক্ষার্থীর আসা-যাওয়া নিশ্চিত করবেন।
- শিক্ষার্থীকে মাদ্রাসা কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে আসতে হবে।
- অভিভাবক নিজ দায়িত্বে বাসায় পড়ালেখার ব্যবস্থা করাবেন।
- কোন সমস্যা হলে কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- শিক্ষার্থীর ছুটি প্রয়োজন হলে (অগ্রিম নির্ধারিত দরখাস্তের মাধ্যমে ছুটি নিবেন।
- বাসায় শিক্ষার্থীর জন্য ইসলামী পরিবেশের ব্যবস্থা করবেন।
- প্রতিদিন ডায়েরী দেখে ক্লাসের পড়া জেনে নিবেন।
- মহিলা অভিভাবকগণ পর্দা সহকারে মাদ্রাসায় আগমন করবেন।
- অভিভাবক সমাবেশে উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করবেন।
- যথাসময়ে শিক্ষার্থীকে এসেম্বলীতে অংশগ্রহণ করার ব্যবস্থা করবেন।

# ফটো গ্যালারী



হিফজ বিভাগের ছবকদান অনুষ্ঠানে ছবক শুরু করিয়ে দিচ্ছেন মাদ্রাসা পরিচালক প্রফেসর ড. শাফি উদ্দিন মাদানী।




হিফজ বিভাগের ছবকদান অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. গিয়াস উদ্দিন তালুকদার।



## আমাদের কার্যক্রম সমূহ

- আদর্শ নূরাণী ও নাজেরা
- হিফজুল কুরআন
  - বালক শাখা
  - বালিকা শাখা
- এরাবিক ল্যাংগুয়েজ কোর্স
- সহীহ্ কুরআন তা'লীম (সকল বয়সের পুরুষ-মহিলাদের জন্য উন্মুক্ত)
- সকল বিষয়ে বিশেষ কোচিং এর ব্যবস্থা

**প্লে - ৪র্থ শ্রেণি পর্যন্ত যৌথ ক্লাস (ছাত্র-ছাত্রী)**
**৫ম - ৯ম শ্রেণি পর্যন্ত পৃথক ক্লাস (ছাত্র-ছাত্রী)**


**চকবাজারঃ** ১৫৪/এ কলেজ রোড, চকবাজার, চট্টগ্রাম।
মোবাইলঃ ০১৬৪০-৭০০২৪৬, ০১৮৬২-২২৮১৯৫

**মেহেদীবাগ শাখা ঃ** ন্যাশনাল হসপিটাল এর বিপরীতে, ৭৫৪/৮২৭ মেহেদীবাগ, চট্টগ্রাম। ফোন: ০১৮৩০-৫১৮৮৬২, ০১৮৩০-৫১৮৮৮৬

**চন্দনপুরা শাখা ঃ** মরিয়াম হাইটস্ ১২১, মনু মিয়াজি লেইন, চন্দরপুরা, বাকলিয়া এক্সেস রোড, চট্টগ্রাম। মোবাইল ঃ ০১৯৮৩-০৩১২৬৯, ০১৮৩০-৫১৮৮৬১